



এ ধরিত্রী বাঁচার আর্তি জানায়

'দাও ফিরে সে অরণ্য , লও এ নগর ।' রবীন্দ্রনাথের লেখা 'সভ্যতার প্রতি' কবিতার এই অংশে, কবির কথাগুলি আজকের দিনের জন্যই যেন প্রযোজ্য । মানব সমাজ ধরিত্রীকে ধ্বংস করে দিচ্ছে নিজেদের সুবিধার জন্য। তবে উন্নতির নেশায় মত্ত হয়ে থেকে তারা নিজেদের কি ক্ষতি করছে তা দেখছে না । ধরিত্রীর প্রাণ অরণ্যকে নিঃশেষ করে মানুষ গড়ে তুলেছে নগর। এইভাবে অরণ্য ধ্বংসের ফলে প্রকৃতি হয়ে উঠছে বিষাক্ত; জল, বায়ু, মাটি, কিছুই এই দূষণের হাত থেকে মুক্তি পাচ্ছে না। তাই ধরিত্রী এই উন্নত মানবসভ্যতার কাছে বাঁচার আর্তি জানায়, সেও চায় দূষণ-মুক্ত হতে, সুস্থ পরিবেশে মুক্তির স্বাদ পেতে। যেখানে থাকবে না কোনো জটিলতা, কোনো মালিন্য।

উপাসনা সাহা





পৃথিবী বাঁচাও

আমাদের পৃথিবী অসুস্থ হয়ে গেছে,
গাছ ছাড়া অন্য কোনো উপায় নেইকো হাতে।
গাছ কেটে বড় বড় বাড়ি করে কি লাভ হবে?
পৃথিবীটাই যদি আর না থাকে টিকে!

হাওয়ায় বেড়ে চলেছে CO₂,
গরম করে তুলেছে পৃথিবীটাকে,
অক্সিজেন ছাড়া এই দূষণে
দম নেবো আমরা কোন গ্যাসটাকে?

তাই বলি আমি-
শুনে নাও ভালো করে,
গাছ লাগাতে শুরু করে দাও আগে।

চলো মোরা সবে একসাথে,
যত্ন করি এই পৃথিবীটাকে।
দূষণ বাড়তে আর না দিয়ে-
গড়ে তুলি স্বপ্নের মতো সুন্দর করে।।

ঐশাণী সরকার
সপ্নম শেলী

